গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নরসিংদী সদর, নরসিংদী
www.narsingdisadar.narsingdi.gov.bd

## 'জাতীয় স্থানীয় সরকার দিবস' উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী :

সভাপতি : আফতাব উদ্দিন ভূঞা
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নরসিংদী সদর, নরসিংদী

স্থান : উপজেলা কনফারেন্স হল, নরসিংদী সদর, নরসিংদী

তারিখ ও সময় : ১১.০৯.২০২৩ খ্রি:, বিকাল- ০৪.০০ টা

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট-'ক'

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব উপজেলা নির্বাহী অফিসার, নরসিংদী সদর, নরসিংদী বলেন যে, আগামী ১৪ সেপ্টেম্বর 'জাতীয় স্থানীয় সরকার দিবস' মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গণভবন থেকে শুভ-উদ্বোধন করা হবে। উপজেলা পর্যায়ে সেপ্টেম্বর ১৭-১৯ এই ০৩ (তিন) দিন ব্যাপী 'জাতীয় স্থানীয় সরকার দিবস উন্নয়ন মেলা' আয়োজন করার সদয় নির্দেশনা প্রদান করা হয়েছে। 'জাতীয় স্থানীয় সরকার দিবস' উদযাপনের মাধ্যমে স্থানীয় সরকারের কার্যক্রম জনগণের কাছে পৌছানোর সুযোগ আরো সুগম হবে।

২। তিনি আরো বলেন, 'জাতীয় স্থানীয় সরকার দিবস' হিসেবে প্রথমবারের মতো এ বছর উদযাপিত হতে যাচ্ছে। এ দিবসটি যথাযথ গুরুত্ব ও মর্যাদার সাথে উদযাপনের লক্ষ্যে সকলকে আন্তরিকতা, দায়িত্বশীলতা এবং সচেতনতার সাথে একযোগে কাজ করার আহবান জানান। এ দিবসটি উদযাপনের মাধ্যমে সরকারের বাস্তবায়িত উন্নয়ন কর্মকান্ড এবং ভবিষ্যত পরিকল্পনা জনগণের সামনে তুলে ধরার সুযোগ সৃষ্টি হবে। নরসিংদী সদর উপজেলা পর্যায়ে 'জাতীয় স্থানীয় সরকার দিবস' যথাযথ গুরুত্ব ও মর্যাদার সাথে উদযাপনের উপলক্ষ্যে নিম্নোক্ত কর্মসূচী গ্রহণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয় :

৩। **উপজেলা পরিষদের কর্মসূচী:**

| ক্রম: | কর্মসূচী | তারিখ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | আলোচনা/ মতবিনিময় অনুষ্ঠান | ১৭ সেপ্টেম্বর ২০২৩ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার নরসিংদী সদর, নরসিংদী |
| ০২ | বর্ণাঢ্য র‍্যালী | | |
| ০৩ | উন্নয়ন মেলার স্থান : উপজেলা পরিষদ প্রাঙ্গন | | |
| ০৪ | মেলা আয়োজন :<br>অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ: উপজেলা পরিষদ, নরসিংদী পৌরসভা ও মাধবদী পৌরসভা, উপজেলা প্রকৌশলী অফিস, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিস এবং সকল ইউনিয়ন পরিষদসহ মোট ২০ (বিশ)টি প্রতিষ্ঠান উন্নয়ন মেলা অংশ গ্রহণ করবেন। | ১৭-১৯ সেপ্টেম্বর ২০২৩ | (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার নরসিংদী সদর, নরসিংদী।<br>(২) মেয়র/ প্রধান নির্বাহী কর্মকর্তা, নরসিংদী/মাধবদী পৌরসভা<br>(৩) চেয়ারম্যান সকল ইউনিয়ন পরিষদ, নরসিংদী সদর, নরসিংদী। |
| ০৫ | পোস্টার, ব্যানার, নিয়ন সাইন, আলোকসজ্জা ইত্যাদি দ্বারা স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোকে সজ্জিতকরণ | | |
| ০৬ | মেলায় অংশগ্রহণকারী প্রতিটি প্রতিষ্ঠান তাদের স্টলে নিজ নিজ এলাকার উন্নয়ন কর্মকান্ড অংশীজনের উপস্থিতিতে প্রদর্শণী ও ওয়ানস্টপ সেবা প্রদানের আয়োজন করবেন। | | |
| ০৭ | প্রতিটি পৌরসভা ও ইউনিয়ন পরিষদ তাদের উন্নয়ন কার্যক্রম বা উন্নয়ন পরিকল্পনা এবং সেবামূলক কার্যক্রম অংশীজনের উপস্থিতিতে পরিষদে প্রদর্শনীর আয়োজন করবেন। | ১৭-১৯ সেপ্টেম্বর ২০২৩ | (১) মেয়র/ প্রধান নির্বাহী কর্মকর্তা, নরসিংদী/মাধবদী পৌরসভা<br>(২) চেয়ারম্যান সকল ইউনিয়ন পরিষদ, নরসিংদী সদর, নরসিংদী। |

৪। **বিবিধ :** পৌরসভায় স্থানীয় সরকার দিবস উদযাপন উপলক্ষে মেলার আয়োজন করে সেখানে রাজস্ব আদায়ে কর প্রদানে করদাতাদের উৎসাহিত করার জন্য তারা ফুল দিয়ে অভ্যর্থনা জানাবে এবং ব্যানার, ফেস্টুনের মাধ্যমে তাদের উন্নয়ন কার্যক্রম পৌরবাসীর সামনে তুলে ধরাতে হবে। নৌকা বাইচ আয়োজন করার জন্য করিমপুর, আলোকবালী, চরদিঘলদী ও নজরপুর ইউপি চেয়ারম্যানকে দায়িত্ব

Scanned with CamScanner

প্রদান করা হয়। গত এক বছরে যে পৌরসভা বা ইউনিয়ন পরিষদ সর্বাধিক জন্ম নিবন্ধন করেছে তাদেরকে জেলা ও উপজেলা পর্যায়ে শ্রেষ্ঠ পৌরসভা/ইউনিয়ন পরিষদকে স্বীকৃতি/ পুরস্কার প্রদান করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। সর্বোপরি স্থানীয় সরকার দিবস উদযাপন উপলক্ষে বর্তমান ডেঙ্গু মহামারি প্রতিরোধে কর্মপরিকল্পনা অনুযায়ী উপজেলাব্যাপী পরিস্কার-পরিচ্ছন্নতা ও মশক নিধন কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নরসিংদী সদর, নরসিংদীকে প্রয়োজনীয় মেডিকেল টিম প্রস্তুত রাখার জন্য অনুরোধ করা হলো।

৭। অফিসার ইন চার্জ, নরসিংদী মডেল থানাকে আইন শৃংখলা রক্ষার্থে প্রয়োজনীয় পুলিশ ফোর্স মোতায়েনের জন্য অনুরোধ করা হলো।

৮। ডেপুটি জেনারেল ম্যানেজার, নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি -২ তাকে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৯। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, নরসিংদী। তাকে প্রয়োজনীয় টীম প্রস্তুত রাখার জন্য অনুরোধ করা হলো।

৯। সভায় অন্য কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে আন্তরিকতার সাথে কাজ করার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাঃ
আফতাব উদ্দিন ভূঞা
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
আহবায়ক
উপজেলা পর্যায়ে 'জাতীয় স্থানীয় সরকার দিবস'
উদযাপন কমিটি, নরসিংদী সদর, নরসিংদী।

স্মারক নং-০৫.৩০. ৬৮৬০.০০০.০৪.০০১.২৩- ৯৮০

তারিখঃ ২৭ ভাদ্র ১৪৩০ / ১১ সেপ্টেম্বর ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৩। জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, নরসিংদী।
৪। উপপরিচালক, স্থানীয় সরকার, নরসিংদী।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নরসিংদী সদর, নরসিংদী
৬। মেয়র/ প্রধান নির্বাহী কর্মকর্তা, নরংসিদী পৌরসভা/ মাধবদী পৌরসভা, নরসিংদী সদর, নরসিংদী
৭। উপজেলা প্রকৌশলী, নরসিংদী সদর, নরসিংদী
৮। উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), নরসিংদী সদর, নরসিংদী
৯। ..............................................................................................
১০। চেয়ারম্যান ........................................ (সকল) ইউপি, নরসিংদী সদর, নরসিংদী
১১। ............................................. উপজেল পর্যায়ে 'জাতীয় স্থানীয় সরকার দিবস' উদযাপন সংক্রান্ত কমিটির সদস্য, নরসিংদী।
১২। অফিস কপি।

২১/০৯/২৩

আসমা সুলতানা নাসরীন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা পর্যায়ে 'জাতীয় স্থানীয় সরকার দিবস'
উদযাপন কমিটি, নরসিংদী সদর, নরসিংদী
ফোন: ২২২৪৪৫২৪৬৭
ই-মেইল: unonarsingdi@mopa.gov.bd

Scanned with CamScanner